গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
পেট্রোবাংলার একটি কোম্পানী।

বিষয়ঃ **জিটিসিএল-এর অফ-ট্রান্সমিশন পয়েন্টসমুহে মিটারিং বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে <u>৩১-০৫-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।</u>**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌঃ রুখসানা নাজমা ইছহাক<br>ব্যবস্থাপনা পরিচালক |
| তারিখ | : | ৩১-০৫-২০২৩ |
| সময় | : | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | : | কনফারেন্স রুম, প্রধান কার্যালয়, জিটিসিএল । |

উপর্যুক্ত বিষয়ে ব্যবস্থাপনা পরিচালকের সভাপতিত্বে উপরিল্লিখিত সময়সূচী অনুযায়ি জিটিসিএল এর কনফারেন্স রুমে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জিটিসিএল-এর কারিগরী ক্যাডারের সকল মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক (ফ্লো-কন্ট্রোল), উপ-মহাব্যবস্থাপক (আরটিডি-ঢাকা), উপ-মহাব্যবস্থাপক (আইকিউসি), উপ-মহাব্যবস্থাপক (পিপিএম), প্রকল্প পরিচালক (অফ-ট্রান্সমিশন পয়েন্ট প্রকল্প), উপ-মহাব্যবস্থাপক (স্কাডা), প্রকল্প পরিচালক (বঙ্গবন্ধু রেলওয়ে সেতু পাইপলাইন প্রকল্প), উপ-মহাব্যবস্থাপক (আরটিডি-সিরাজগঞ্জ), ফ্লো-কন্ট্রোল ডিপার্টমেন্টের ব্যবস্থাপকগণ এবং উপ-ব্যবস্থাপক উপস্থিত ছিলেন ***<u>(পরিশিষ্ট-ক)</u>*** । সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি জিটিসিএল এর অফ-ট্রান্সমিশন পয়েন্টসমুহে মিটারিং বাস্তবায়ন অগ্রগতি, মিটারিং ব্যবস্থার উন্নয়ন এর বিষয়ে গুরুত্বারোপ করেন। এ সংক্রান্ত বিষয়সহ জিটিসিএল এর আওতাধীন পাইপলাইনে প্রবাহমান গ্যাসের পরিমান নির্ধারণে সঠিকতা এবং সিস্টেম লস হ্রাসের বিষয়ে করণীয় সম্পর্কে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও জিটিসিএল এর উদ্ভুত বিভিন্ন কারিগরী সমস্যা এবং তা হতে উত্তরণের বিষয়ে আলোকপাত করেন।

১। সভাপতি মহেশখালীতে স্থাপিত ৬০০ এমএমএসসিএফডি এবং ১৫০০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন CTMS এর বিষয়ে জানতে চাহিলে মহাব্যবস্থাপক (সঞ্চালন-পূর্ব) এবং মহাব্যবস্থাপক (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, উভয় CTMS এ স্থাপিত ডিফারেন্সিয়াল প্রেসার ট্রান্সমিটারের সীমা যথাক্রমে ০-৮০০ inch of water column (সিটিএমএস-১) এবং ০-২০০ inch of water column (সিটিএমএস-২)। ডিফারেন্সিয়াল প্রেসার ট্রান্সমিটারের এ পার্থক্যের কারণে এলএনজি সরবরাহ (< ৮৫০ এমএমএসসিএফডি) থাকলে সঠিক রিডিং পাওয়া যায়না। এছাড়া, বঙ্গবন্ধু রেলওয়ে সেতু পাইপলাইন প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ৬০০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন CTMS এ ৩টি মিটার রান রয়েছে যার মধ্যে ২টি রানিং এবং একটি স্ট্যান্ডবাই। অপরদিকে, ১৫০০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন CTMS এ ৬টি মিটার রান রয়েছে যার মধ্যে ৫টি রানিং এবং একটি স্ট্যান্ডবাই। তিনি সভাকে আরও অবহিত করেন যে, উভয় CTMS এ স্থাপিত মিটার রানসমুহ ৩০০ এমএমএসসিএফডি গ্যাস মিটারিং করতে পারবে হিসেবে প্ল্যান্ট সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক ডিজাইন করা হয়েছে। ০২টি এফএসআরইউ আলাদা ভাবে গভীর সমুদ্রে স্থাপিত ২৪ ইঞ্চি পাইপলাইনের মাধ্যমে এলএনজি সরবরাহ করলেও জিরো পয়েন্ট প্ল্যাটফর্ম থেকে জিটিসিএল এর ৩০ ইঞ্চি ও ৪২ ইঞ্চি পাইপলাইনের মধ্যে স্থাপিত আন্ত:সংযোগ পাইপলাইনের সাহায্যে ০২টি সিটিএমএস এর মাধ্যমে ডাউনস্ট্রিম পাইপলাইনের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে এলএনজি স্বয়ংক্রিয়ভাবে সঞ্চালিত হয়। এফএসআরইউ এর প্রবাহমান গ্যাসের পরিমাণ ডাউনস্ট্রিম ডিমান্ড এর চাহিদার তুলনায় কম হলে ( < ৮৫০ এমএমএসসিএফডি), ৩০ ইঞ্চি এবং ৪২ ইঞ্চি পাইপলাইনে প্রবাহিত গ্যাসের পরিমাণ হ্রাস পায়। কেজিডিসিএল এর সরবরাহ ৩০ ইঞ্চি পাইপলাইনের মাধ্যমে চাহিদানুযায়ী সিজিএস আনোয়ারা হতে নিয়ন্ত্রণ করা হয়। তবে সিটিএমএস-২ (১৫০০ এমএমএসসিএফডি প্ল্যান্ট) এর মাধ্যমে ৪২ ইঞ্চি মহেশখালী-আনোয়ারা সমান্তরাল পাইপলাইনের গ্যাস সঞ্চালন এর পরিমাণ হ্রাস হলে গ্যাসের উচ্চগতিবেগ এর কারণে অর্থাৎ গ্যাস প্রবাহের পরিমাণ নির্দিষ্ট সীমার নীচে গেলে সঠিক রিডিং পাওয়ার ক্ষেত্রে তারতম্য ঘটে। এক্ষেত্রে, একটি কমিটি গঠন পূর্বক মহেশখালী CTMS এ উদ্ভুত সমস্যা নিরসনের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্তঃ** *মহেশখালী সিটিএমএস এ উদ্ভুত সমস্যা সমাধানে জনাব শফিউদ্দিন মোঃ ফরহাদ ওমর, উপ-মহাব্যবস্থাপক (আরটিডি-চট্টগ্রাম) , জনাব মোঃ সেজাউল করিম, উপ-মহাব্যবস্থাপক (স্কাডা), জনাব মোঃ জাকিরুল ইসলাম, প্রকল্প*

*পরিচালক (বঙ্গবন্ধু রেলওয়ে সেতু পাইপলাইন প্রকল্প) এবং জনাব মোঃ আব্দুল হান্নান, উপ-ব্যবস্থাপক (ফ্লো-কন্ট্রোল ডিপার্টমেন্ট ডিপার্টমেন্ট) এর সমন্বয়ে একটি কমিটি গঠন। কমিটি জনাব মোঃ জাহির উদ্দিন, পরিচালক (অপারেশন) এর সার্বিক তত্ত্বাবধানে সকল কার্যক্রম সম্পাদন করবে।*

**কার্য্য ব্যবস্থাঃ** *মহাব্যবস্থাপক (প্রশাসন)।*

২। মহাব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস) সভাকে অবহিত করেন যে, জিটিসিএল এর মিটারিং ব্যবস্থা উন্নয়নের জন্য দীর্ঘদিন যাবৎ ব্যবহৃত ত্রুটিপূর্ণ মিটার পর্যায়ক্রমে পরিবর্তন করে নতুন মিটার স্থাপন করার বিকল্প নেই। এক্ষেত্রে নতুন মিটার ক্রয় পূর্বক পর্যায়ক্রমে তা পরিবর্তনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এছাড়া, পরিচালক অপারেশন প্রথম পর্যায়ে ৬টি মিটার ক্রয়ের প্রস্তাবনা পেশ করেন।

**সিদ্ধান্তঃ** *মিটারিং ব্যবস্থার আপগ্রেডেশনের জন্য প্রথম পর্যায়ে ৬টি মিটার ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।*

**কার্যব্যবস্থাঃ** *পরিচালক (অপারেশন)।*

৩। উপ-মহাব্যবস্থাপক (ফ্লো-কন্ট্রোল) সভাকে অবহিত করেন যে, পেট্রোবাংলায় অনুষ্ঠিত সভায় কম্প্রেসর স্টেশনে জ্বালানী হিসেবে ব্যবহৃত গ্যাস, বিভিন্ন সিপি স্টেশনে স্থাপিত টিইজি তে জ্বালানী হিসেবে ব্যবহৃত গ্যাস মিটারিং করার বিষয়ে প্রশ্ন উত্থাপিত হয়। এছাড়া, লাইন প্যাক হিসেবের বিষয়ে গড় চাপ কত ধরে হিসেব করতে হবে, সে বিষয়ে তিনি দিক নির্দেশনা কামনা করেন। এক্ষেত্রে সার্বিক বিষয়টি পর্যালোচনায় লাইনপ্যাক হিসেবের দায়িত্ব স্কাডা ডিপার্টমেন্টকে প্রদান করা হয়। উপ-মহাব্যবস্থাপক (স্কাডা) সভাকে অবহিত করেন যে, স্কাডা সিস্টেমে প্রাপ্ত ডাটা ব্যবহার করে গ্যাস প্রবাহের পরিমাপ হিসেব করতে হলে স্থানীয়ভাবে ডাটা সংগ্রহের ব্যবস্থা থাকতে হবে। এক্ষেত্রে পরিচালক (অপারেশন) কর্তৃক প্রয়োজনীয় লোকবল নিয়োগের চাহিদা প্রদান করা হলে সভাপতি সম্মতি প্রদান করেন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্তঃ** *জিটিসিএল এর আওতাভূক্ত পাইপলাইন এর লাইনপ্যাক ক্যালকুলেশনের দায়িত্ব স্কাডা ডিপার্টমেন্ট কর্তৃক সম্পাদন এবং এতদসংক্রান্তে প্রতিবেদন দাখিল।*

**কার্যব্যবস্থাঃ** *মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপ-মহাব্যবস্থাপক (স্কাডা)।*

৪। মহাব্যবস্থাপক (কোয়ালিটি এবং সেইফটি এস্যুরেন্স) সভাকে অবহিত করেন যে, জিটিসিএল নেটওয়ার্কে স্থাপিত স্কাডা সিস্টেমের সবকিছু ঠিক রয়েছে। কারণ স্কাডা সিস্টেমে স্থাপিত সকল মালামাল জাপান থেকে আমদানী করা হয়। তিনি সভাকে আরও অবহিত করেন যে, কনসালটেন্ট কর্তৃক প্রদত্ত মতামত অনুযায়ি স্কাডা সিস্টেমে স্থাপিত ট্রান্সমিটার সমুহের ক্যালিব্রেশন প্রতিমাসে করা বাঞ্চনীয় নয়। এক্ষেত্রে ৬ মাস অন্তর অন্তর ক্যালিব্রেশনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। তিনি সভাকে অবহিত করেন যে, স্কাডা সিস্টেমের জন্য স্থাপিত ব্যাটারীসমুহ যেহেতু পুরাতন হয়েছে, সেহেতু তা পরিবর্তনের উদ্যোগ গ্রহণ এবং নির্দিষ্ট মেয়াদে মেইন্টেনেন্সের ব্যবস্থা করার বিষয়ে গুরুত্বারোপ করেন।

**সিদ্ধান্তঃ** *জিটিসিএল এর স্কাডা সিস্টেমে স্থাপিত ট্রান্সমিটার ক্যালিব্রেশন এবং ব্যাটারী পরিবর্তন ও মেইন্টেনেন্সের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।*

**কার্যব্যবস্থাঃ** *উপ-মহাব্যবস্থাপক (স্কাডা)।*

৫। প্রকল্প পরিচালক, অফ-ট্রান্সমিশন প্রকল্প সভাকে অবহিত করেন যে, স্কাডা সিস্টেমে প্রাপ্ত ডাটা হতে প্রবাহমান গ্যাসের পরিমাপ এবং স্থাপিত গ্যাস মিটারিং স্টেশনের মাধ্যমে প্রবাহমান গ্যাসের পরিমাপের মধ্যে পার্থক্যের কারণ খুঁজে বের করতে হবে। এছাড়া গ্যাস উৎপাদন কোম্পানী এবং জিটিসিএল এর হিসেবকৃত গ্যাসের মধ্যে কোনটি সঠিক তা যাচাই করা প্রয়োজন। তিনি সভাকে আরও অবহিত করেন যে, মিটার ক্যালিব্রেশন করে এখন পর্যন্ত কখনও কোন ত্রুটি পাওয়া যায়নি। মিটার ক্যালিব্রেশনের চেয়ে গুরুত্বপূর্ণ হলো অরিফিস প্লেট ও ফ্লো কম্পিউটার এর ডাটা সঠিকভাবে সংগ্রহ করা।

সভাপতি অরিফিস প্লেট ও ফ্লো কম্পিউটার এর সঠিকতা যাচাই পূর্বক তা পরিবর্তনের জন্য কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্তঃ** *জিটিসিএল এর অধিনস্থ বিভিন্ন স্থাপনায় স্থাপিত অরিফিস প্লেট ও ফ্লো কম্পিউটার এর ডাটা পরীক্ষা-নিরীক্ষা, পর্যালোচনা এবং পরিবর্তনের নিমিত্ত জনাব মোঃ আইনুল কবির, মহাব্যবস্থাপক (ইএসডি), জনাব সুশীল কুমার সরকার, উপ-মহাব্যবস্থাপক (আরটিডি – ঢাকা), জনাব মোঃ মোছাদ্দেক হোসেন, উপ-মহাব্যবস্থাপক (আরটিডি-সিরাজগঞ্জ) এবং সংশ্লিষ্ট স্থাপনার ইনচার্জ এর সমন্বয়ে একটি কমিটি গঠন।*

**কার্যব্যবস্থাঃ** *মহাব্যবস্থাপক (প্রশাসন)।*

৬। মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব) (সঞ্চালন-পশ্চিম) সভাকে অবহিত করেন যে, সঞ্চালন ডিভিশন (পশ্চিম) এর আওতাধীন ১১টি পয়েন্টের মাধ্যমে গ্যাস সরবরাহ করা হয়, তন্মধ্যে বাঘাবাড়ী সিজিএস, বগুড়া টিবিএস, রাজশাহী সিজিএস এ নিজস্ব মিটারিং ব্যবস্থা বিদ্যমান রয়েছে। অন্যান্য যে সব পয়েন্টের মাধ্যমে গ্যাস সরবরাহ হয় সেগুলো বিতরণ কোম্পানী এবং কাস্টমারের নিজস্ব মিটারিং ব্যবস্থা বিদ্যমান রয়েছে। এছাড়া তিনি সভাকে সঞ্চালন ডিভিশন (পশ্চিম) এর বিভিন্ন সমস্যাদির বিষয়ে অবহিত করেন। বিস্তারিত আলোচনার পর সভাপতি উদ্ভুত পরিস্থিতি নিরসনকল্পে প্রয়োজনবোধে পরিচালক (অপারেশন) এর সাথে আলোচনাক্রমে কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্তঃ** *বগুড়া টিবিএস এর মিটার ক্যালিব্রেশন সংক্রান্ত বিষয়ে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল)-কে অনুরোধ জানিয়ে এবং বাইপাস লাইন সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট বিতরণ কোম্পানী বরাবর পত্র প্রেরণ।*

**কার্য্যব্যবস্থাঃ** *১/ মহাব্যবস্থাপক (সঞ্চালন-পূর্ব) ও ২/ মহাব্যবস্থাপক (সঞ্চালন-পশ্চিম) ।*

৭। পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) কোম্পানী কর্তৃক সয়দাবাদ হতে নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেডের পাওয়ার প্লান্টে গ্যাস সরবরাহ করা হয়। কিন্তু জিটিসিএল কর্তৃক সিরাজগঞ্জস্থ কড্ডায় ধনুয়া-নলকা প্রকল্পের আওতায় ২০০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন রেগুলেটিং এবং মিটারিং স্টেশন (আরএমএস) স্থাপন করা হয়েছে। ফলে পিজিসিএল উক্ত আরএমএস এর মাধ্যমে পরিমাপকৃত গ্যাস গ্রহণ করে তাদের কাস্টমারকে সরবরাহ করতে পারে।

**সিদ্ধান্তঃ** *সিরাজগঞ্জ আরএমএস এর মাধ্যমে গ্যাস গ্রহণ করে তা কাস্টমারকে সরবরাহ করার বিষয়ে পিজিসিএলকে পত্র প্রেরণ সহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।*

**কার্যব্যবস্থাঃ** *সেল প্রধান, ধনুয়া-নলকা প্রকল্প/মহাব্যবস্থাপক (সঞ্চালন-পশ্চিম)।*

৮। হাটিকুমরুল-ভেড়ামারা ও ভেড়ামারা-খুলনা প্রকল্পের আওতায় ২টি সিজিএস (ভেড়ামারা ও খুলনা) এবং ৩টি টিবিএস (কুষ্টিয়া, ঝিনাইদহ ও যশোর) ইপিসি ভিত্তিতে Valvitalia S.p.A Systems Division, Italy কর্তৃক স্থাপন করা হয়েছে। কিন্তু স্থাপিত স্টেশন সমুহে ত্রুটি-বিচ্যুতি থাকায় তা ত্রুটিমুক্ত করার জন্য ঠিকাদার বরাবর পত্র প্রেরন করা হয়। কিন্তু অদ্যাবধি ঠিকাদার কর্তৃক স্টেশনসমুহের ত্রুটি-বিচ্যুতি সম্পূর্ণভাবে দূরীভূত না করায় গ্যাস পরিচালনে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। পত্র মারফত অনুরোধ ছাড়াও মৌখিকভাবে একাধিকবার ঠিকাদারের স্থানীয় প্রতিনিধিকে তাগাদা প্রদান করা হয়। এতদপ্রেক্ষিতে তারা কিছু কাজ করলেও স্টেশন পরিচালনের ক্ষেত্রে তা যথেষ্ঠ নয়। বিস্তারিত আলোচনান্তে সভার সভাপতি ঠিকাদারকে নির্দিষ্ট তারিখ উল্লেখপূর্বক ত্রুটি-বিচ্যুতি সম্পাদনসহ স্টেশন পরিচালনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। পত্রে উল্লেখিত তারিখের মধ্যে ঠিকাদার উক্ত সমস্যা সমাধানে ব্যর্থ হলে ঠিকাদারের Performance Guarantee নগদায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্তঃ** *ঠিকাদারকে (Valvitalia S.p.A Systems Division, Italy) জরুরী ভিত্তিতে স্টেশনসমুহের ত্রুটি-বিচ্যুতি সংশোধনের জন্য নির্ধারিত তারিখ উল্লেখপূর্বক পত্র প্রেরণ করতে হবে। পত্রে উল্লেখিত তারিখের মধ্যে ঠিকাদার কর্তৃক কার্যকরী পদক্ষেপ গ্রহণে ব্যর্থ হলে তাদের কর্তৃক দাখিলকৃত Performance Guarantee নগদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।*

**কার্য্যব্যবস্থাঃ** *১। সেল প্রধান, হাটিকুমরুল-ভেড়ামারা প্রকল্প সেল এবং ২/ সেল প্রধান, ভেড়ামারা-খুলনা প্রকল্প সেল।*

৯। পরিচালক (অপারেশন) ও উপস্থিত অন্যান্য মহাব্যবস্থাপকগণ ইভিসিযুক্ত টারবাইন মিটার কনফিগারেশনের জন্য জিটিসিএল কারিগরী ক্যাডারের কর্মকর্তাগণের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে প্রস্তাবনা পেশ করেন। এতদবিষয়ে সভায় উপস্থিত অন্যান্য সভাসদগণ একমত পোষন করে। সভার সভাপতি কারিগরী ক্যাডারের বিভিন্ন পর্যায়ের বিশেষতঃ ব্যবস্থাপক, উপ-ব্যবস্থাপক এবং সহকারী প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের দিক নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্তঃ** *ইভিসিযুক্ত টারবাইন মিটার কনফিগারেশনের নিমিত্ত কারিগরী ক্যাডারের সহকারী প্রকৌশলী হতে ব্যবস্থাপক পর্যায়ের কর্মকর্তাগণের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।*

**কার্যব্যবস্থাঃ** *মহাব্যবস্থাপক (এইচআর)।*

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৫/৬/২০২৬

(প্রকৌঃ রুখসানা নাজমা ইছহাক)
ব্যবস্থাপনা পরিচালক
জিটিসিএল, ঢাকা।